

আপনি কি অন্য কারো শিশুর
দেখাশোনা করছেন?



আপনি একজন ব্যক্তিগত পালনকারী তত্ত্বাবধায়ক হতে
পারেন এবং আপনাকে আমাদের তা জানাতে হবে।

আপনি যদি টানা 28 দিনের বেশী অন্য কারো শিশুর (অনূর্ধ্ব 16, বা যদি তার একটি অসামর্থ্য থাকে অনূর্ধ্ব 18) দেখাশোনা করেন এবং সে আপনার নিকটাত্মীয় না হয় এবং আপনি তার আইনী অভিভাবক না হন, সেক্ষেত্রে এই ব্যবস্থাপনাটিকে ব্যক্তিগত শিশুপালন বলে এবং আপনাকে কাউন্সিলকে তা জানাতে হবে।

কাউন্সিলকে কেন জানাতে হবে?

লুটনের শিশু ও কমবয়সী ব্যক্তির যাবে সুরক্ষিত থাকে এবং তাদের যথাযথভাবে তত্ত্বাবধান করা হয়, সেই ব্যাপারে কাউন্সিলের একটি দায়িত্ব রয়েছে। এছাড়াও এটি গুরুত্বপূর্ণ যে, আপনি যাতে আপনার নতুন ভূমিকাতে আপনার প্রয়োজনীয় সহায়তা পান, যাতে আপনাকে একা নতুন চ্যালেঞ্জগুলির সম্মুখীন না হতে হয়। আপনি যদি একজন ব্যক্তিগত পালনকারী তত্ত্বাবধায়ক হন, একজন সমাজ কর্মী এটি নিশ্চিত করার জন্য আপনার সাথে সাক্ষাৎ করবেন যে, শিশুটি বা কমবয়সী ব্যক্তিটি নিরাপদ আছে কি না এবং এছাড়াও তারা আপনাকে সহায়তা ও সমর্থন প্রদান করবেন।

আমাকে কি করতে হবে?

ব্যক্তিগত শিশুপালন ব্যবস্থাপনা শুরুর অন্তত: ছয় সপ্তাহ আগে ব্যবস্থাপনাটি সম্পর্কে আপনার কাউন্সিলকে বলা উচিত। যদি একটি শিশু বা কমবয়সী শিশু স্বল্প নোটিশে চলে আসে, সেক্ষেত্রে আপনাকে তাদের আসার 48 ঘন্টার মধ্যে এই সম্পর্কে কাউন্সিলকে জানাতে হবে।

বাবা/মাকে কি করতে হবে?

আপনি যদি নিকটাত্মীয় নয় এরকম কাউকে আপনার সন্তানের দেখাশোনা করার জন্য বলেন, সেক্ষেত্রে আপনাকে একজন বাবা/মা হিসেবে কাউন্সিলকে অবশ্যই তা জানাতে হবে।

আমাদের স্থানীয় কমিউনিটির শিশুদের সুরক্ষিত রাখার ক্ষেত্রে আমাদের সবার একটি দায়িত্ব রয়েছে। আপনি যদি মনে করেন যে, একটি শিশু বা কমবয়সী ব্যক্তিকে একটি ব্যক্তিগত ব্যবস্থাপনা অনুযায়ী দেখাশোনা করা হচ্ছে, আপনার অবশ্যই আমাদের তা বলা উচিত।

আমাদের সাথে যোগাযোগ করুন।

আপনি একজন ব্যক্তিগত পালনকারী তত্ত্বাবধায়ক কি না সেই ব্যাপারে যদি আপনি নিশ্চিত না হন, বা আপনাকে যদি কাউন্সিলকে জানাতে হয় যে, আপনি অন্য কারো শিশুর দেখাশোনা করছেন, সেক্ষেত্রে অনুগ্রহ করে, আমাদের **মাল্টি-এজেন্সী সের্ফগার্ডিং হাব** -এর সাথে, **01582 547653**নম্বরে যোগাযোগ করুন।

আপনার কলটিকে সংবেদনশীলভাবে ও গোপনীয়তার সাথে বিবেচনা করা হবে।